

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

নথি নং-৪৬.০২০.০০৪.০১.০০.০৬৩.২০১৭ - ৭০৬

তাং ১৬-০৩-২০১৭খ্রিঃ


বিষয়ঃ সিলেট সিটি কর্পোরেশনের সাময়িক বরখাস্তকৃত মেয়র কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং- ৩৩০১/২০১৭ নং মামলার আদেশের বিরুদ্ধে উচ্চ আদালতে আপীল দায়ের প্রসংগে।

সূত্র : সিটি কর্পোরেশন -১ শাখার ইউ,ও,নোট নং-৪৬.০৭০.০২২.০০.০০.২২৮.২০১২-৩১৭ তাং-১৪-০৩-২০১৭খ্রিঃ।

সিলেট সিটি কর্পোরেশনের মেয়র (সাময়িক বরখাস্তকৃত) জনাব আরিফুল হক চৌধুরী এর বিরুদ্ধে দায়েরকৃত হবিগঞ্জ সদর মডেল থানার মামলা নং ২৭, তারিখ ২৮-০১-২০০৫ এর জি,আর নং ২৬/০৫ (হবিগঞ্জ) মামলার অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এ বিভাগের ০৭/০১/২০১৫ তারিখের ৪৬.০৭০.০২২.০০.০০.২২৮.২০১২-০৮ নং প্রজ্ঞাপনমূলে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত সাময়িক বরখাস্ত আদেশ এর বিরুদ্ধে জনাব আরিফুল হক চৌধুরী কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং- ৩৩০১/২০১৭ নং মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ সাময়িক বরখাস্ত আদেশকে স্থগিত করেছেন।

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ হতে যথাযথ তথ্য ও আদেশের কপি সংগ্রহপূর্বক উক্ত আদেশের বিরুদ্ধে সরকারের পক্ষে মামলাটি তদারকি/পরিচালনা/উচ্চ আদালতে লীভ-টু-আপীল দায়েরের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকরতঃ সময় সময় এ বিভাগকে অবহিত করার জন্য বেসরকারি প্যানেল আইনজীবী নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

সংযুক্তঃ ওকালতনামা ও আনুষংগিক কাগজপত্র-----ফর্দ


(মোহাম্মদ শফিকুল আরিফ)
উপসচিব (আইন-১)
☎ ৯৫৪০৯৯৫

জনাব ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া
বেসরকারী প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। উপসচিব (সিটি কর্পোরেশন -১) শাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।